

৬ষ্ঠ সাধারণ সভার আলোচনা এবং সিদ্ধান্ত সমূহ

আয়োজক : অ্যালামনাই এসোসিয়েশন, ঢাকা গভ. মুসলিম হাই স্কুল

তারিখ : ১৯ শে জুন ২০২৬

স্থান : স্কুল অডিটোরিয়ামে

সময় : বাদ আছর বিকাল ৭.১০ মি:

সভাপতিত্ব

সভায় সভাপতিত্ব করেন অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি শ্রদ্ধেয় জনাব কাজী রহমত উল্লাহ।

মঞ্চে উপবিষ্ট ছিলেন শ্রদ্ধেয় ব্যক্তিবর্গ

- সভাপতি শ্রদ্ধেয় জনাব কাজী রহমত উল্লাহ, ব্যাচ- ১৯৮৩
- মহাসচিব জনাব আসলাম পারভেজ মিঠু, ব্যাচ- ১৯৮৮
- সিনিয়র সহ-সভাপতি শ্রদ্ধেয় জনাব মোঃ মাসুদ রেজা, ব্যাচ- ১৯৮৫
- শ্রদ্ধেয় জনাব সৈয়দ জাহাঙ্গীর, ব্যাচ-১৯৬৫
- শ্রদ্ধেয় জনাব ডা. মোঃ শামসুজ্জামান, ব্যাচ- ১৯৭২

সঞ্চালনা

সভার সঞ্চালনের দায়িত্বে ছিলেন সাংগঠনিক সচিব জনাব মোঃ এমদাদ-উল- হক, ব্যাচ-১৯৮৩.

আলোচ্যসূচিঃ

১. প্রিভিলেজ কার্ড উদ্বোধনের তারিখ নির্ধারণ করা।
২. অ্যালামনাই এসোসিয়েশনের সদস্য সংখ্যা বৃদ্ধিকরণ ও বার্ষিক ফি আদায় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৩. অ্যালামনাই এসোসিয়েশনের ওয়েব পেইজ ও অন-লাইন সফটওয়্যার কার্যক্রমের তারিখ নির্ধারণ করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৪. অ্যালামনাই এসোসিয়েশন, জেলা সমাজ সেবা কার্যালয় থেকে নিবন্ধনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৫. অ্যালামনাই এসোসিয়েশনের নতুন অফিস ভাড়া নেওয়ার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৬. অ্যালামনাই এসোসিয়েশনের পরবর্তী নতুন কার্যনির্বাহী কমিটির নির্বাচন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৭. ও বিবিধ।

আজকের সভায় উপস্থিত ছিলেন :

- তালিকা সংযুক্ত :

সভার সূচনা

সভার শুরুতেই পবিত্র কুরআন থেকে তেলাওয়াৎ করেন কোষাধ্যক্ষ জনাব মোঃ মুফতি ইসহাক, ব্যাচ- ১৯৭৯.

- এরপর মহাসচিব আসলাম পারভেজ মিঠু সভাপতির অনুমতি নিয়ে ৬ষ্ঠ সাধারণ সভার কার্যক্রম শুরু করেন।
- সভার শুরুতে তিনি গত ৫ম সভার কার্যবিবরণী পাঠ করতে আমন্ত্রণ জানান নির্বাহী সদস্য জনাব রফিউল করিমকে। তিনি ৫ম সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোনরূপ পরিবর্তন,পরিমার্জন ছাড়াই গত ৫ ম সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়।

৬ষ্ঠ সাধারণ সভার আলোচনা এবং সিদ্ধান্ত সমূহ

- এরপর মহাসচিব সবাইকে সালাম ও হিজরী নববর্ষের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।
- মহাসচিব প্রথমেই যারা পরলোক গমন করেছেন তাদের জন্য বিশেষ করে শ্রদ্ধেয় জনাব জয়নাল, ব্যাচ- ১৯৮০ সহ সবার রুহের মাগফেরাতের জন্য একবার সূরা ফাতিহা ও তিন বার সূরা ইখলাস পাঠ করেন।
- এরপর মহাসচিব আজকের আলোচ্য বিষয় সবাইকে অবহিত করেন এবং সবাইকে উক্ত বিষয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন।

আলোচনা ও মতামত

১. সহ-সাংস্কৃতিক সচিব জনাব আরিফুল ইসলাম অপু:

- আমাদের নতুন সদস্য হওয়ার বর্তমান নিয়ম কি?
- জবাব (মহাসচিব): ৫ম সাধারণ সভায় ঘোষণা মোতাবেক যে কোন প্রাক্তন ছাত্র (মুসলিমিয়ান) রেজিস্ট্রেশন বাবদ ৫০০/- টাকা আর এককালীন বাৎসরিক ফি ৫০০/- টাকা মোট ১,০০০/- টাকা পরিশোধ করে অ্যালামনাই এসোসিয়েশনের সদস্য হতে পারবেন।
- অ্যালামনাই এসোসিয়েশনের জন্য নতুন অফিস ভাড়া নেওয়ার বিষয়ে প্রস্তাব করা হলে জনাব আরিফুল ইসলাম অপু ৪৫, দেবেন্দ্র নাথ দাস লেন (নিচ তলা), সুত্রাপুর, ঢাকা-১১০০ এই ঠিকানায় নতুন অফিস নেওয়া যেতে পারে বলে প্রস্তাব করেন।

২. সহসভাপতি জনাব এ টি এম কামাল হোসেন, ব্যাচ-১৯৮৪ :

- এ টি এম কামাল হোসেন বলেন যাকে তাকে আজীবন সদস্য করা উচিত নয়, আজীবন সদস্য হওয়ার একটা কাঠামো দরকার। আশা করি আজীবন সদস্য হওয়ার একটা নীতিমালা থাকা দরকার আছে।
- জেলা সমাজ সেবা কার্যালয় থেকে নিবন্ধনের বিষয়ে নামের প্রস্তাব করা হলে জনাব এ টি এম কামাল অ্যালামনাই এসোসিয়েশন ঢাকা গভ. মুসলিম হাইস্কুল এই নামে নিবন্ধন করা যেতে পারে বলে প্রস্তাব করেন।

৩. নির্বাহী সদস্য জনাব মোঃ মুহিত হোসেন :

- তার বক্তব্যে বলেন আজীবন সদস্য হওয়ার ক্ষেত্রে সিনিয়র সহ-সভাপতি যাকে তাকে শব্দটা ব্যবহার করেছেন এই শব্দটা ব্যবহার করা উচিত নয়, প্রাক্তন মুসলিমিয়ান আমরা সবাই সবাইকে এক দৃষ্টিতে দেখবো তবে আজীবন সদস্য হওয়ার একটা নীতিমালা প্রয়োজন থাকা দরকার আছে। আমি যাকে তাকে এই শব্দটা এক্সপাঞ্জ করার বিনীত অনুরোধ করছি।
- নোট: এরপর মহাসচিব সিনিয়র সহ-সভাপতির দৃষ্টি আকর্ষণ করলে তিনি জানান যে, তিনি আসলে এই ভাবে কথাটা বলতে চাননি। তিনি বিভিন্ন উদাহরণ টেনে বলেন যাতে করে অ্যালামনাই এসোসিয়েশনের আজীবন সদস্যদের একটা গুরুত্ব বা উচ্চতর মান বজায় থাকে।
- জেলা সমাজ সেবা কার্যালয় থেকে নিবন্ধনের বিষয়ে নামের প্রস্তাব করা হলে জনাব মোঃ মুহিত হোসেন অ্যালামনাই কল্যাণ এসোসিয়েশন ঢাকা গভ. মুসলিম হাইস্কুল এই নামে নিবন্ধন করা যেতে পারে বলে সভায় প্রস্তাব করেন।

৪. নির্বাহী সদস্য জনাব মোঃ সফিকুল ইসলাম ও নির্বাহী সদস্য জনাব রফিউল করিম :

- বকেয়া আজীবন সদস্য ফি ১০,০০০/- (দশ হাজার) টাকা করে কোষাধ্যক্ষ বরাবর পরিশোধ করেন। সবাই তাদের করতালির মাধ্যমে ধন্যবাদ জানান।

৬ষ্ঠ সাধারণ সভার আলোচনা এবং সিদ্ধান্ত সমূহ

- আজীবন সদস্যদের ক্রেস্ট যারা আগে গ্রহণ করেননি তাদেরকে ক্রেস্ট প্রদান করা হয়। ক্রেস্ট গ্রহণ করেন :-

০১. জনাব সৈয়দ জাহাঙ্গীর, ব্যাচ ১৯৬৫।
০২. জনাব মোহাম্মদ সফিকুল ইসলাম (লিটন), ব্যাচ ১৯৮২।
০৩. জনাব মোঃ আবুল কালাম আজাদ, ব্যাচ ১৯৮৩।
০৪. জনাব সাইফুল ইসলাম কাবুল, ব্যাচ ১৯৮৩।
০৫. জনাব মোস্তাক খালেক, ব্যাচ ১৯৮৩।
০৬. জনাব আহসানুজ্জামান আরিফ, ব্যাচ ১৯৯৭।
০৭. জনাব মোঃ আজিজুল হক (রাজু), ব্যাচ ২০০৭।
০৮. জনাব শাওন আহমেদ (সজিব), ব্যাচ ২০০৭।
০৯. জনাব মোঃ সুফল, ব্যাচ ২০১০।

৫. মোঃ জাকির হোসেন ব্যাচ- ১৯৮২ :

- তিনি বলেন অ্যালামনাই এসোসিয়েশনের মাধ্যমে তিনি তার হারিয়ে যাওয়া বন্ধুদের ফিরে পেয়েছেন। তিনি অ্যালামনাই এসোসিয়েশনের সাফল্য ও শুভ কামনা করেন এবং যে কোন কাজে তিনি সহযোগিতার জন্য পাশে থাকবেন বলে জানান।
- অ্যালামনাই এসোসিয়েশনের জন্য নতুন অফিস ভাড়া নেওয়ার বিষয়ে প্রস্তাব করা হলে জনাব মোঃ জাকির হোসেন, জনাব আরিফুল ইসলাম অপূর প্রস্তাবের সাথে একমত পোষন করে ৪৫, দেবেন্দ্র নাথ দাস লেন (নিচ তলা), সুত্রাপুর, ঢাকা-১১০০ এই ঠিকানায় নতুন অফিস নেওয়া যেতে পারে বলে প্রস্তাব করেন।

৬. জনাব মোঃ সফিকুল ইসলাম :

- তার বক্তব্যে সবাইকে ধন্যবাদ জানিয়ে বলেন সময় দিতে না পরলেও তিনি অ্যালামনাই এসোসিয়েশনে পাশে সব সময় থাকবেন এবং সহযোগিতার হাত বাড়িয়ে দিবেন।

৭. সিনিয়র সহ-সভাপতি জনাব মোঃ মাসুদ রেজা :

- সবাইকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানিয়ে বলেন আমরা সবাই অক্লান্ত পরিশ্রম করে অ্যালামনাই এসোসিয়েশনকে আপনাদের সহযোগিতায় এগিয়ে যাওয়ার চেষ্টা করছি। আশাকরি সবার সম্মিলিত প্রচেষ্টায় অ্যালামনাই এসোসিয়েশন সামনের দিনগুলোতে আরও এগিয়ে যাবে। পরিশেষে বলেন আপনারা আপনাদের মূল্যবান সময় আমাদের জন্য ব্যয় করে এই সভায় উপস্থিত হয়েছেন এ জন্য তিনি সবাইকে কৃতজ্ঞতা জানিয়ে তার বক্তব্য শেষ করেন।
- জেলা সমাজ সেবা কার্যালয় থেকে নিবন্ধনের বিষয়ে নামের প্রস্তাব করা হলে জনাব মোঃ মাসুদ রেজা অ্যালামনাই সমাজকল্যাণ এসোসিয়েশন ঢাকা গভ. মুসলিম হাইস্কুল এই নামে নিবন্ধন করা যেতে পারে বলে সভায় প্রস্তাব করেন।

৮. বিশেষ অতিথি জনাব সৈয়দ জাহাঙ্গীর ব্যাচ- ১৯৬৫:

- তিনি সবাইকে ধন্যবাদ দিয়ে বক্তব্য শুরু করে বলেন আমরা সবাই মুসলিমিয়ান এ কথা সবাই আমরা মনে রাখবো। ভেদাভেদ তৈরি না করে সবাইকে একসাথে কাজ করে অ্যালামনাই এসোসিয়েশন কে শক্তিশালী করার কথা তিনি বলেন।
- তিনি আরও বলেন যে সদস্যদের প্রিভিলেজ কার্ড প্রদান করা হবে, জেনে খুব ভালো লাগলো। এই কার্ডের মাধ্যমে সকল অ্যালামনাই এসোসিয়েশনের সদস্যরা আশা করি উপকৃত হবে। এর জন্য তিনি বর্তমান কমিটিকে ধন্যবাদ জানান।

৬ষ্ঠ সাধারণ সভার আলোচনা এবং সিদ্ধান্ত সমূহ

- তিনি আরও বলেন, যে সকল কোম্পানি অ্যামনাই এসোসিয়েশন চুক্তির আওতায় আনছেন সে সকল কোম্পানি যাতে চুক্তি মোতাবেক সুন্দর একটা পরিসেবা সকলেই গ্রহণ করতে পারে এবং যাতে করে তারা তাদের প্রয়োজনীয় সুবিধা উপভোগ করতে পারেন সে দিকে নজর থাকা দরকার।
- তিনি আশা ব্যক্ত করে বলেন যে কোয়ানটিটির চাইতে কোয়ালিটি কোম্পানিগুলোর সাথে যেন চুক্তির আওতায় আনা হয়। এতে সবাই এই প্রিভিলেজ কার্ডের সুবিধা বেশি উপভোগ করতে পারবে। তিনি সবাইকে ধন্যবাদ জানিয়ে তার মূল্যবান বক্তব্য শেষ করেন।

৯. বিশেষ অতিথি জনাব ডাঃ মোঃ শামসুজ্জামান, ব্যাচ- ১৯৭২:

- তিনি সবাইকে ধন্যবাদ দিয়ে বক্তব্য শুরু করে বলেন বর্তমান কমিটির এক সুন্দর ও সার্বজনীন কর্ম এই প্রিভিলেজ কার্ড প্রদান, আমি বর্তমান কমিটির সবাইকে ধন্যবাদ জানাই।
- এই কার্ড গ্রহণের মাধ্যমে আশাকরি অ্যামনাই এসোসিয়েশনের সবাই উপকৃত হবে। বিভিন্ন কোম্পানি বা সেবামূলক প্রতিষ্ঠানের সেবা প্রিভিলেজ কার্ডের মাধ্যমে গ্রহণ করে উপকৃত হলে অ্যামনাই আরো শক্তিশালী হবে এবং সদস্য বৃদ্ধি পাবে বলে আশা ব্যক্ত করেন। তিনিও মত দেন যে আমাদের দৈনন্দিন কাজে যেন এই কার্ড সহায়ক হয়। কার্ডের সঠিক ব্যবহার যেন আমরা করতে পারি।

১০. মহাসচিব জনাব আসলাম পারভেজ মিঠু:

- তার বক্তব্য তুলে ধরে সবাইকে সালাম জানান এবং আজকের এই সাধারণ সভায় উপস্থিত হওয়ার জন্য সবাইকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন।
- তিনি বলেন দেখতে দেখতে আমাদের কার্যকরী কমিটির মেয়াদ শেষ হয়ে যাচ্ছে, আমরা বিভিন্ন প্রতিকূলতার মধ্যেও চেষ্টা করেছি বিভিন্ন কর্মকাণ্ডের মাধ্যমে অ্যামনাই এসোসিয়েশনকে সচল রাখার জন্য সর্বোচ্চ চেষ্টা করেছি এবং চেষ্টা অব্যাহত রাখবো সবাইকে সম্পৃক্ত করতে। জানিনা আমরা কতটুকু করতে পেরেছি তবে চেষ্টার কোন ঘাটতি ছিল না।
- আমাদের কার্যকরী কমিটির মেয়াদ শেষ হবে আগামী এপ্রিল ২০২৭ গনতন্ত্র মোতাবেক আমরা (৩) তিন মাস পূর্বে নির্বাচন কমিশনারের নিকট ক্ষমতা হস্তান্তর করবো ইনশাআল্লাহ। সবাইকে তিনি আসন্ন নির্বাচনের জন্য প্রস্তুতি নিতে আহবান জানান।
- এর আগে তিনি প্রধান নির্বাচন কমিশনার ও ২ (দুই) জন নির্বাচন কমিশনার নিয়োগের প্রক্রিয়ার ব্যবস্থা করার জন্য আহবান করেন। যাতে করে আমরা নতুন নির্বাচন কমিশনারদের নিকট আমাদের সমস্ত হিসাব নিকাশ বুঝিয়ে দিতে পারি।
- তিনি আশা ব্যক্ত করেন যে, আগামী কমিটি আরও শক্তিশালী, সুন্দর ও প্রাণবন্ত অ্যামনাই এসোসিয়েশন আমাদের সবাইকে উপহার দিবে।
- অ্যামনাই এসোসিয়েশনের রেজিস্ট্রেশনের জন্য আমরা স্কুলের ঠিকানা ব্যবহার করার চেষ্টা করেছিলাম কিন্তু নিয়ম অনুযায়ী কোন সরকারী ঠিকানায় রেজিস্ট্রেশন দেয় না। আমাদের এখন কোন অস্থায়ী অফিস নাই তাহলে আমরা কোন ঠিকানা দিয়ে রেজিস্ট্রেশন করবো প্রশ্ন আসলে সবাই ৪৫, দেবেন্দ্র নাথ দাস লেন (নিচ তলা), সুত্রাপুর, ঢাকা-১১০০ অস্থায়ী ঠিকানা ব্যবহার করার জন্য মত দেন। পরে অ্যামনাই এসোসিয়েশনের স্থায়ী অফিস হলে ঠিকানা পরিবর্তন করা হবে মর্মে।
- সবাইকে শুভেচ্ছা ও শুভ কামনা জানিয়ে মহাসচিব তার বক্তব্য শেষ করেন।

৬ষ্ঠ সাধারণ সভার আলোচনা এবং সিদ্ধান্ত সমূহ

সভাপতির বক্তব্য কাজী মোহাম্মদ রহমতউল্লাহ :

- সাধারণ সভায় উপস্থিত হওয়ার জন্য অ্যালামনাই এসোসিয়েশনের সকল সদস্যদের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।
- প্রিভিলিয়াস কার্ড উন্মোচনের বিষয়ে কার্যনির্বাহী কমিটির মিটিংএ তারিখ নিদ্ধারন করে পরে সকলকে জানিয়ে দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।
- অ্যালামনাই এসোসিয়েশনের সদস্য সংখ্যা বৃদ্ধির ব্যাপারে অন-লাইন রেজিস্ট্রেশনের মাধ্যমে অন-লাইন পেমেণ্ট করে নতুন সদস্য হতে পাবেন বলে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহন করা হয় এবং যার যার বকেয়া সদস্য ফি অন-লাইনের মাধ্যমে প্রদান করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।
- অ্যালামনাই এসোসিয়েশন সফটওয়্যার, ওয়েবসাইট এবং প্রিভিলেজ কার্ড এর লাইভ প্রদর্শন করেন। উক্ত লাইভ দেখার জন্য সকলের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন।
- অ্যালামনাই এসোসিয়েশন, জেলা সমাজ সেবা কার্যালয় থেকে নিবন্ধনের জন্য নামের প্রস্তাব করা হলে সর্বসম্মতি ক্রমে নিম্নোক্ত তিনটি নামের প্রস্তাব গ্রহন করা হয়।
 ১. অ্যালামনাই সমাজকল্যাণ এসোসিয়েশন ঢাকা গভ. মুসলিম হাইস্কুল
 ২. অ্যালামনাই কল্যাণ এসোসিয়েশন ঢাকা গভ. মুসলিম হাইস্কুল
 ৩. অ্যালামনাই সমাজকল্যাণ এসোসিয়েশন ঢাকা গভ. মুসলিম হাইস্কুল
- অ্যালামনাই এসোসিয়েশনের নতুন অফিসের জন্য ৪৫, দেবেন্দ্র নাথ দাস লেন (নিচ তলা), সুত্রাপুর, ঢাকা-১১০০ এই ঠিকানায় অফিস ভাড়া নেওয়ার জন্য সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহন করা হয়।
- অ্যালামনাই এসোসিয়েশনের নতুন কার্যনির্বাহী কমিটির নির্বাচনের বিষয়ে আলোচনা করা হলে ৩০শে এপ্রিল ২০২৭ইং তারিখের মধ্যে নির্বাচন এবং ১লা জানুয়ারী ২০২৭ইং তারিখের মধ্যে নতুন নির্বাচন কমিশন গঠন করে তাদের কাছে ক্ষমতা হস্তান্তরের বিষয়ে সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহন করা হয়।
- অ্যালামনাই এসোসিয়েশনের সকল সদস্যদের ঐক্যবদ্ধ ও সক্রিয় থেকে আর্থিক, সামাজিক ও সাংগঠনিক কার্যক্রমকে আরও সফল ভাবে এগিয়ে নেওয়ার জন্য সকলের প্রতি আহ্বান জানান।
- সর্বশেষ সকল সদস্যকে সভায় উপস্থিত থেকে মূল্যবান মতামত উপস্থাপন করার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

K.M. Rahmatullah

কাজী মোহাম্মদ রহমতউল্লাহ
সভাপতি
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল

Aslam

আসলাম পারভেজ মিঠু
মহাসচিব
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল